DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 11:44 AM

বিনোদন

# রেকর্ড গড়ে ১ বিলিয়নের ক্লাবে মাইকেল জ্যাকসনের বায়োপিক

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: সোমবার, ১৩ জুলাই ২০২৬, ০৮:১৩ PM



পপসম্রাট মাইকেল জ্যাকসনের মৃত্যুর ১৭ বছর পর বড় পর্দায় ফিরল তাঁর জাদু। আর তাতেই ওলটপালট হয়ে গেল বিশ্ব চলচ্চিত্রের বক্স অফিসের সব পুরোনো হিসাব-নিকাশ। মুক্তির মাত্র তিন মাসের মাথায় বিশ্বজুড়ে ১০০ কোটি (১ বিলিয়ন) ডলার আয়ের মাইলফলক স্পর্শ করেছে তাঁর জীবনীভিত্তিক চলচ্চিত্র মাইকেল। এর মাধ্যমে ক্রিস্টোফার নোলানের ওপেনহাইমার ও ফ্রেডি মার্কারির বোহেমিয়ান র‍্যাপসোডিকে পেছনে ফেলে ইতিহাসের সবচেয়ে বেশি আয়কারী বায়োপিকের শীর্ষস্থান দখল করেছে লিয়ন্সগেটের এই সিনেমাটি।

হলিউড পরিচালক অ্যান্টোনি ফুকা নির্মিত এই সিনেমার হাত ধরেই বড় পর্দায় অভিষেক ঘটেছে মাইকেল জ্যাকসনের আপন ভাতিজা জাফর জ্যাকসনের। পর্দায় চাচার চরিত্রে তাঁর দুর্দান্ত অভিনয় বিশ্বজুড়ে দর্শকদের মাঝে তুমুল আলোড়ন সৃষ্টি করেছে।

মার্কিন সংবাদমাধ্যম দ্য নিউ ইয়র্ক টাইমস জানিয়েছে, বড় কোনো মূলধারার স্টুডিওর বাইরে কোনো স্বাধীন (ইনডিপেনডেন্ট) স্টুডিওর নির্মিত ও পরিবেশিত প্রথম সিনেমা হিসেবে বক্স অফিসে ১০০ কোটি ডলার আয়ের নতুন ইতিহাস তৈরি করল মাইকেল। শুরুতে বড় বড়

স্টুডিওগুলো এই প্রজেক্টে অর্থায়ন করতে অস্বীকৃতি জানিয়েছিল। পরে লিয়ন্সগেট ঝুঁকি নিয়ে ইউনিভার্সাল পিকচার্স ও কিনো ফিল্মসের সঙ্গে যৌথভাবে এটি প্রযোজনা করে। আর সেই ঝুঁকিই এখন রূপ নিয়েছে রূপালি পর্দার অন্যতম সেরা ব্যবসায়িক সাফল্যে।

সিনেমার আয় ও জনপ্রিয়তার কিছু গুরুত্বপূর্ণ রেকর্ড নিচে দেওয়া হলো:

সর্বকালের সেরা বায়োপিক: এতদিন ৯৭ কোটি ৭০ লাখ (৯৭৭ মিলিয়ন) ডলার আয় করে শীর্ষে ছিল ক্রিস্টোফার নোলানের ওপেনহাইমার। আর ৯১ কোটি ১০ লাখ (৯১১ মিলিয়ন) ডলার আয় নিয়ে এরপরই ছিল বোহেমিয়ান র‍্যাপসোডি। এই দুটি সিনেমাকে টপকে এখন শীর্ষে মাইকেল।

ঐতিহাসিক ওপেনিং: মুক্তির প্রথম সপ্তাহান্তেই (ওপেনিং উইকেন্ড) বিশ্বজুড়ে ২১ কোটি ৭০ লাখ (২১৭ মিলিয়ন) ডলার আয় করে রেকর্ড গড়েছিল সিনেমাটি। যেকোনো মিউজিক্যাল বায়োপিকের ইতিহাসে এটিই সর্বোচ্চ।

সমালোচক বনাম দর্শক: চলচ্চিত্র সমালোচকদের কাছ থেকে সিনেমাটি অবশ্য মিশ্র প্রতিক্রিয়া পেয়েছে। জনপ্রিয় রিভিউ ওয়েবসাইট রটেন টম্যাটোস-এ সমালোচকদের রেটিং মাত্র ৪০ শতাংশ। তবে সাধারণ দর্শকদের মন জয় করে এটি পেয়েছে ৯৭ শতাংশ রেটিং।

সমালোচকদের কলম যা-ই বলুক না কেন, সাধারণ দর্শকদের ভালোবাসায় সিক্ত হয়ে প্রেক্ষাগৃহে মুক্তির মাত্র তিন মাসের মাথায় ১০০ কোটি ডলারের অভিজাত ক্লাবে রাজকীয় প্রবেশ ঘটল পপসম্রাটের এই জীবনগাথার।

---

এ বিভাগের আরও খবর



**শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান শাকিরার**
ভেনেজুয়েলার শিক্ষা খাত পুনর্গঠনে বিশ্বনেতাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন কলম্বিয়ান পপসম্রাজ্ঞী শাকিরা। গত ২৪ জুনের প্রলয়ংকরী ভূমিকম্পে শিক্...



### বাংলার পর্যটনশিল্পের নতুন মুখ সানি লিওন

সানি লিওন নাকি মন্দারমণিতে।□ এমন খবরে নেটিজেনদের মাঝে শোরগোল। একবার পছন্দের অভিনেত্রীর দর্শন কি পেতে পারেন তার ভক্ত-অনুরাগীরা? এ নিয়ে সামাজি...



### প্রথমবার একসঙ্গে বড় পর্দায় আরিফিন শুভ ও কেয়া পায়েল

ঢালিউডের জনপ্রিয় চিত্রনায়ক আরিফিন শুভ এবং ছোট পর্দার তুমুল জনপ্রিয় অভিনেত্রী কেয়া পায়েল প্রথমবার একসঙ্গে জুটি বেঁধে বড় পর্দায় আসছেন। ওটিটি প...



### বিশ্বকাপ ফুটবল: কোন তারকা কোন দলের সমর্থক?

বিশ্বকাপ ফুটবল ঘিরে উন্মাদনা শুরু হলেই বাংলাদেশ যেন রঙে রঙে ভাগ হয়ে যায়। দেশের অলিগলি থেকে শুরু করে সামাজিক যোগাযোগমাধ্যম□সবখানেই চলে প্রিয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/rekrd-gre-1-biliyner-klabe-maikel-jjaksner-bayopik